এই প্রশ্নপত্রটিতে 30টি প্রশ্ন [বিভাগ-**ক** (20)+বিভাগ-**খ** (5) অথবা বিভাগ-**গ** (5)] এবং 8টি মুদ্রিত পৃষ্ঠা আছে ।

**রোল নং.** | | | | | | | | | | | | |  **কোড নং. 62/SS/N/B**

**সেট A**

# বাংলা

# (303)

**পরীক্ষার দিন ও তারিখ** ______________________

**তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর** 1. ______________________

2. ______________________

**সাধারণ নির্দেশাবলী :**

**1.** পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং. লিখবেন।

**2.** দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

**3.** উত্তর-পুস্তিকার উপরে কোনোরকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং. লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

**4.** আপনার প্রশ্নপত্রের কোড নং. **62/SS/N/B** এবং **সেট-A** টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।



Unnati Educations
9899436384, 9654279279

# বাংলা
# (303)

সময় : **3** ঘণ্টা] [ পূর্ণমান : **100**

**দ্রষ্টব্য :** (i) এই প্রশ্নপত্রে ‘ক’, ‘খ’ এবং ‘গ’ **তিনটি** বিভাগ আছে।

(ii) বিভাগ ‘ক’-এর **সব** প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

(iii) বিভাগ ‘খ’ এবং বিভাগ ‘গ’-এর যে কোনো **একটি** বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ ‘ক’-এর মান **85** এবং বিভাগ ‘খ’ অথবা বিভাগ ‘গ’-এর মান **15.**

## বিভাগ-ক
## (আবশ্যিক বিষয়)

**1.** (ক) নীচের কাব্যাংশটির সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : **4**

‘‘সেখানে লেবুর শাখা নুয়ে থাকে অন্ধকারে ঘাসের উপর;
সুদর্শন উড়ে যায় ঘরে তার অন্ধকার সন্ধ্যার বাতাসে;
সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপশীর শরীরের’ পর-
শঙ্খমালা নাম তার;’’

**অথবা**

‘‘...... বাংলা ভাষা
উচ্চারিত হলে অন্ধ বাউলের একতারা বাজে
উদার গৈরিক মাঠে, খোলা পথে, উত্তাল নদীর
বাঁকে বাঁকে, নদী ও নর্তকী হয়।’’

(খ) নীচের কবিতাংশের ভাব-সৌন্দর্য স্পষ্ট করুন : **2**

‘‘বিশ্বে যা কিছু এল পাপ তাপ বেদনা অশ্রুবারি
অর্ধেক তার আনিয়াছে নর, অর্ধেক তার নারী।’’

**2.** নীচের প্রশ্নগুলির মধ্যে **দুটি** প্রশ্নের উত্তর লিখুন : **2x2=4**

(ক) ‘‘– শয়তান যে –’’ ‘শয়তান’ কে এবং কেন ? **2**

(খ) ‘‘সেখানে গাছের নাম :’’ – ‘সেখানে ’ বলতে কোনখানের কথা বলা হয়েছে ? কবি কোন্ কোন্ গাছের উল্লেখ করেছেন ? **2**

(গ) ‘বিষাদ সিন্ধু’ – এই গ্রন্থটি কার লেখা ? এই গ্রন্থের মূল বিষয়-বস্তু কী ? **2**



Unnati Educations
9899436384, 9654279279

3. ''প্রেমমদে ঘূর্ণ আঁখি হইল তন্দ্রিত।'' – 'প্রেমমদে' পরিপূর্ণ কে ? উদ্ধৃত লাইনটির তাৎপর্য বিশ্লেষণ করুন। 2

4. ঊনবিংশ ও বিংশ শতকের বাংলা কাব্য ধারা কয়টি ভাগে বিভক্ত এবং কি কি ? বাংলা সাহিত্যে ঊনিশ শতকে প্রথম আখ্যান কাব্যের রচয়িতার নাম কি ? 2

5. অলংকারকে কটি শ্রেণীতে ভাগ করা যায় ? কি কি বলে আপনার মনে হয় ? 'অনুপ্রাস' অলংকারের উদাহরণ দিন। কেন হয়েছে বলুন ? 2

6. কবিতাংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন: **4x1=4**

''যেখানে ছিল শহর

সেখানে ছড়িয়ে রইল কাঠ কয়লা

দোমড়ানো লোহা, মৃত পাথরের মূর্তির বীভৎস

মাথা

রক্তের একটা কালো দাগ।''

(ক) 'শহরে' কী ঘটেছিল বলে মনে হয় ? 1

(খ) 'দোমড়ানো লোহা' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন ? 1

(গ) রক্ত কখন কালো হয়ে যায় বলে আপনার মনে হয় ? 1

(ঘ) উদ্ধৃত চিত্রকল্পের মধ্যে যে বীভৎসতা লক্ষ্য করা গেছে তা সংক্ষেপে বিবৃত করুন। 1

7. নীচের গদ্যের সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন : 6

''জলের তাপমাত্রা তখন শূন্যের নীচে ১.৮ ডিগ্রী সেলসিয়াস।'' – ঐ সময়ের দৃশ্য দেখে আমিতো হতবাক!

**অথবা**

''ওই নির্বাক মাতাই হবে আমার গল্পের নায়িকা।''

8. নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **2+2+2+1=7**

(ক) রং লাল কী ধরনের চাষী বলে তুমি মনে করো এবং কেন ? 2

(খ) গগন-তাঁতির বউয়ের মুখকে কার ভয় এবং কেন ভয় বেশি ? 2

(গ) কার নামে ছি ছি কার পড়ল এবং কেন পড়ল ? 2

(ঘ) আঠারোই নভেম্বর আন্টার্কটিকায় সূর্যের অবস্থান কেমন ? 1



Unnati Educations
9899436384, 9654279279

9. যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন : **2**

(ক) শিমলার সেই অভ্রভেদী পর্বতশৃঙ্গের প্রকৃতিটি কেমন হবে বলে লেখকের মনে হল ?

(খ) ''তখন বাঙালী সন্ধেহ নেই'' – কে কাকে বলেছিল ? এই উক্তির মধ্যে দিয়ে কী প্রকাশ করতে চাইছে ?

10. অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **4x1=4**

''এত কাল উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম থেকে ঝাঁকে ঝাঁকে নানা জাতের বুলবুলি এসে বেবাক ধান খেয়ে গেল, কার ও হুঁশ ছিল না। জগতে যারা হুঁশিয়ার এরা তাদের কাছে ঘেঁষতে চায় না, পাছে প্রায়শ্চিত্ত করতে হয়। কিন্তু, তারা অকস্মাৎ এদের অত্যন্ত কাছে ঘেঁষে এবং প্রায়শ্চিত্ত ও করে না। শিরোমনি-চুড়ামনির দল পুঁথি খুলে বলেন, 'বেহুঁশ যারা তারাই পবিত্র, হুঁশিয়ার যারা তারাই অশুচি, অতএব হুঁশিয়ারদের প্রতি উদাসীন থেকো, প্রবুদ্ধমিব সুপ্ত :''।

(ক) 'চারদিকের' ইঙ্গিতের মধ্য দিয়ে লেখকে কী বোঝাতে চাইছেন ? **1**

(খ) 'বুলবুলি' শব্দের মধ্যে দিয়ে কাদের বোঝাচ্ছেন ? **1**

(গ) শিরোমনি-চুড়ামনির দল পুঁথি খুলে কী দেখেছিল ? **1**

(ঘ) ''বেহুঁস যারা তারাই পবিত্র'' – এই কথা বলার কারণ কী ? **1**

11. উত্তর লিখুন : **4**

''গরুর গাড়ীতে প্রায় পনের-ষোল ক্রোশ''– যাওয়ার পর লেখকের মনের অনুভূতি কেমন হল এবং প্রকৃতি তাঁর চোখে কেমনভাবে ধরা পড়ল ?

**অথবা**

''মন হু-হু করিয়া উঠিল'' – মনের অবস্থা কেন এমন হল ?

12. নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **4x1=4**

(ক) ''বিপুল শরীর'' – কেন এমন মনে হয়েছে ? **1**

(খ) ''আরে সর্বনাশ!'' – এই উক্তিটির মধ্যে কিসের ঈঙ্গিত বহন করে বলে মনে করেন - ব্যাখ্যা করুন। **1**

(গ) ''অমন করুণ দৃশ্য কখন ও দেখি নাই'' – করুণ বলার কারণ কী ? **1**

(ঘ) নিরীহ জন্তুদের শরীরে অতর্কিতে গুলি মারবার প্রবৃত্তি হল না কার এবং কেন ? **1**



Unnati Educations
9899436384, 9654279279

13. নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 5x2=10

(ক) যে কোনো **দুটি** শব্দের প্রত্যয় ভেঙে দেখান : 2

(i) বৈমানিক (ii) বায়বীয়

(iii) তেজস্বী (iv) চরণ

(খ) ব্যাসবাক্যগুলিকে সমাসবদ্ধ করুন (যে কোনো **২টি**) : 2

(i) স্বর্গ, মর্ত ও পাতাল।

(ii) ত্রি (তিন) লোকের সমাহার।

(iii) বিস্ময়কে আপন্ন।

(iv) অষ্ট অধিক দশ।

(গ) অর্থানুসারে কী জাতীয় বাক্য, তা তালিকা থেকে বেছে লিখুন (যে কোনো **২টি**) : 2

(বাক্য :- হ্যাঁ বাচক, নেতিবাচক, প্রশ্নসূচক, ইতিবাচক)

(i) সমস্ত নিঃশেষে দগ্ধ হইয়া গেলে তবে থামিবে।

(ii) এখন নির্ভুলভাবে বুঝিতে পারি।

(iii) আমি কী তোর জন্য আহার প্রস্তুত করিয়া রাখিয়াছি ?

(iv) অদ্য আর সময় নাই।

(ঘ) বাংলা শব্দ ভাণ্ডারের কোন শ্রেণীর শব্দ এগুলি ? (যে কোনো **২টি**) 2

(শব্দ :- হিন্দি, হরতাল, হিন্দি, পাঞ্জাবি)

(i) চাহিদা (ii) ফালতু

(iii) হরতাল (iv) পুরি

(ঙ) গঠনগত দিক দিয়ে কোনটি কী বাক্য ? (যে কোনো **২টি**) 2

(বাক্য :- সরল, জটিল, জটিল, জটিল)

(i) প্রত্যহ যে স্বপ্ন দেখি, তা দুঃস্বপ্ন।

(ii) আমার কবিত্ব আসে না বলে প্রকৃতির সৌন্দর্য আমার চোখে ধরা পড়ে না।

(iii) যাহা দেখিলাম, তাহা ভারি সুন্দর নহে।

(iv) যখন মাঝরাত তখন শংকরের ঘুম ভেঙে গেল।



Unnati Educations
9899436384, 9654279279

14. যে কোন বিষয়ে **একটি** প্রতিবেদন রচনা করুন : 4

(ক) আপনার এলাকায় ম্যালেরিয়ার প্রভাব বেড়েছে। স্বাস্থ্য দপ্তরকে জানিয়ে প্রতিবেদন রচনা করুন।

(খ) আপনার পাড়ায় নলকূপের জলে আর্সেনিক উঠছে, এর প্রতিকার যাতে প্রসাশন করে, তা জানিয়ে একটি প্রতিবেদন রচনা করুন।

15. সম্প্রতি সরকার ঘোষণা করেছে ২ টাকা কেজি দরে সকলে চাল পাবেন। এই বিষয়ে আপনার অভিমত ব্যক্ত করুন। 2

**অথবা**

সম্প্রতি আপনি নদীর ধারে বেড়াতে গেছেন। দেখলেন নদীতে ছোটো ছোটো ছেলে মেয়েরা খেলা করছে। এই দৃশ্য দেখার পর আপনার অনুভূতি কেমন হবে ?

16. অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 3x1=3

সাত পুরুষের বনেদি তাঁতি-বংশের ছেলে মদন খুব সুন্দর সুর করে রামায়ণ পড়তে পারে, তাঁতের কাজেও সে অত্যন্ত উঁচুদরের শিল্পী ছিল-সেরা সব বস্ত্র তৈরির বায়না পেত সে। তা ছাড়া, সুতোর আকালের দিনে ভালো কাজের বায়না না থাকা সত্ত্বেও সে খারাপ সুতোর কাপড় বুনতে রাজি হয়নি। এ কারণেই মদনের ওপর তার মাসির খুব বিশ্বাস ছিল।

(ক) মদন তাঁতি সুন্দর সুর করে রামায়ণ পড়তে পারে বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন ? 1

(খ) সেরা বস্ত্র তৈরির বায়না কে পেত ? 1

(গ) মদনের উপর মাসির খুব বিশ্বাস ছিল বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন ? 1

17. নীচের যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন : 4

(ক) নীচে কয়েকটি প্রয়োজনীয় জিনিসের নাম, পরিমাণ এবং কিলোগ্রাম হিসেবে দাম উল্লেখ করা হল। এগুলিকে ছকের সাহায্যে তালিকাবদ্ধ করুন :

(i) চাল - 3 কেজি/দাম 90/-

(ii) সবজি - 3 কেজি/দাম 60/-

(iii) মাছ - 1 কেজি/দাম 200/-

(iv) ডাল - 400 গ্রাম/দাম 20/-

(v) দুধ - 1 কি.গ্রা./দাম 30/-

(খ) একটি পরিবারের কর্তা চন্দন দাস। তিন ছেলে (অমল, বিমল, কমল) এবং এক মেয়ে (প্রণতি) অমলের এক ছেলে (দাসু) ও এক মেয়ে (বিনি)। বিমল সন্যাস। কমলের এক মেয়ে (কমলিকা)। বংশ তালিকা তৈরি করুন।



Unnati Educations
9899436384, 9654279279

**18.** যে কোনো **একটি** বিষয় সম্বন্ধে একটি নিবন্ধ রচনা করুন : **8**

(ক) শিশুশ্রমিক সমস্যা

(খ) বিজ্ঞান সাধনায় বাঙালী

(গ) শিক্ষাবিস্তারে গণমাধ্যম

(ঘ) একটি নদীর আত্মকথা

**19.** চিঠি লেখার নিয়ম মেনে একটি বিষয় সম্বন্ধে একটি চিঠি লিখুন : **4**

অতিরিক্ত মাইক ব্যবহারের ফলে সাধারণ মানুষের জীবন অতিষ্ঠ হয়ে উঠেছে, এর প্রতিকার প্রার্থনা করে স্থানীয় পৌরপিতাকে একটি চিঠি লিখুন।

**অথবা**

বাবার কাছে ছেলের পত্র (দুঃস্থ আত্মীয়কে সাহায্যের কথা জানিয়ে)

**20.** নীচের/গদ্যের অনুচ্ছেদ বা কবিতাংশটি পড়ে তার সংক্ষিপ্তসার লিখুন : **3**

সংসারে যারা শুধু দিলে, পেলে না কিছুই, যারা বঞ্চিত, যারা দুর্বল, উৎপীড়িত, মানুষ যাদের চোখের জলের কখন ও হিসাব নিলে না, নিরূপায়, দুঃখময় জীবনে যারা ভেবেই পেল না সমস্ত থেকেও কেন তাদের কিছুতেই অধিকার নেই – এদের বেদনাই দিলে আমার মুখ খুলে, এরাই পাঠালে আমাকে মানুষের কাছে মানুষের নালিশ জানাতে। তাই আমার কারবার শুধু এদের নিয়ে। . . . . সংসারে সৌন্দর্য-সম্পদে ভরা বসন্ত জানি আনে সঙ্গে করে তার কোকিলের গান, আনে প্রস্ফুটিত মালিকা-মালতী জাতি যুথী, আনে গন্ধ-ব্যাকুল দক্ষিণা পবন। কিন্তু যে আবেষ্টনের ঘনিষ্ঠ পরিচয়ের সুযোগ আমার ঘটল না, সে দারিদ্র আমার লেখার মধ্যে চাইলেই চোখে পড়ে। কিন্তু অন্তরে যাকে পাইনি শ্রুতিমধুর শব্দরাশির অর্থহীন মালা গেঁথে তাতে পেয়েছি বলে প্রকাশ করার ইষ্টতা আমি করিনি।

**অথবা**

আমি দেখে এসেছি নদীর ঘাড় ধরে -
আদায় করা হচ্ছে বিদ্যুৎ
ভালো কথা।
ফলে তৈরী হচ্ছে বড়ো বড়ো রেলের ইঞ্জিন
খুব ভালো।
মশা, মাছি, সাপ, বাঘ তাড়িয়ে
ইস্পাতের শহর বসছে -
আমরা সত্যিই খুশি হচ্ছি।
কিন্তু মোটেই খুশি হচ্ছি না যখন দেখছি
যার হাত আছে তার কাজ নেই
যার কাজ আছে তার ভাত নেই
যার ভাত আছে তার হাত নেই।



Unnati Educations
9899436384, 9654279279

## বিভাগ-খ

## (ঐচ্ছিক বিষয়)

## (পর্যটন)

**21.** প্রাচীন মুনি-ঋষিরা পর্যটনে যেতেন কেন ? **1**

**22.** ধর্মীয় উদ্দেশ্য ব্যাতীত আর কোন উদ্দেশ্য নিয়ে পর্যটকগন পর্যটনে যেতেন ? **1**

**23.** কিসান সিং কত খ্রিষ্টাব্দে গোবি মরুভূমি পৌঁছান ? **1**

**24.** বৌদ্ধ তীর্থযাত্রীর ছদ্মবেশ কে কে ধারণ করেছিল এবং তারা কোথায় গিয়েছিল ? **4+1=5**

**25.** পর্যটন শিল্প গড়ে ওঠার ক্ষেত্রে প্রাকৃতিক কারণ ও ঐতিহাসিক কারণগুলো ব্যক্ত করুন। **4+3=7**

## বিভাগ-গ

## (ঐচ্ছিক বিষয়)

## (গণজ্ঞাপন)

**21.** চিরাচরিত গণমাধ্যম কাকে বলে ? **1**

**22.** 'অন্ধ্রপ্রদেশে' চিরাচরিত গণমাধ্যম কি নামে পরিচিত ? চিরাচরিত গণমাধ্যম বা গণজ্ঞাপন কীভাবে সমাজের উন্নতি সাধনে চেষ্টা করে ? **1+2=3**

**23.** স্বাধীনতা আন্দোলনে অন্যতম চিরাচরিত মাধ্যম যাত্রাকে কে কাজে লাগিয়েছিল ? 'নাকাড়া', 'পটচিত্র', 'নৌটঙ্কি' সম্পর্কে আপনি যাহা জানেন লিখুন। **1+2=3**

**24.** চিরাচরিত গণমাধ্যমের সুবিধা ও অসুবিধাগুলি ব্যক্ত করুন। **4**

**25.** সংবাদ তৈরির প্রক্রিয়া ও গুরুত্ব সম্পর্কে আপনি যা জানেন লিখুন। **4**

**- o O o -**



Unnati Educations
9899436384, 9654279279